জীবননগর উপজেলা পরিষদের মার্চ-২০২২খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।

তারিখ ঃ ১৬-৩-২০২২খ্রিঃ, সময় ঃ সকাল - ১০:০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভা নং ঃ ০৯/২০২১-২২ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ আয়েশা সুলতানা এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম সভায় উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ আরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১ | গত ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে - জীবননগর উপজেলা কিন্তু এখনও পর্যন্ত মাদক মুক্ত নয়। আপনাদের আশে-পাশের কেউ, আপনাদের ভাই, বা আপনাদের পরিবারের কেউ মাদক নিচ্ছে। গাজা, ফেন্সিডিল নয় অন্য কিছু। আমরা সবাই সতর্ক থাকবো যাতে আমাদের পরিবারের কেউ মাদকের সাথে জড়িয়ে না পড়ে। আপনাদের পরিবার ধ্বংস করার জন্য একটি মাদকসেবি ছেলেই যথেষ্ট। আমাদের ছেলে-মেয়েরা কোথায় যাচ্ছে আমরা সে দিকে লক্ষ্য রাখবো। ১৬-১৭ বছরের ছেলে-মেয়েরা প্রাপ্ত বয়স হয়নি তারা পালিয়ে যাচ্ছে। তাদের পরিবার থানায় এসে অভিযোগ করে বলছে অপহরণ হয়েছে। এটা তাদের দোষ নয় এটা আমাদের পরিবারের প্রধানদের জন্য এগুলি হয়ে থাকে। আর এই সমস্যার কারন হলো স্মার্ট ফোন। পরিবারের পিতা-মাতার কারনে ছেলে-মেয়েরা ধ্বংসের দিকে চলে যাচ্ছে। আমি সবাইকে অনুরোধ করবো ছেলে-মেয়েদের হাতে স্মার্ট ফোন দিবেন না এবং আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। এই দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য এবং সবাইকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রাখতে হবে এবং মাদক বিরোধী অভিযান অব্যহত রাখাতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার, ইনচার্জ, জীবননগর থানা। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অ |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, গত ০৭-১২-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলায় এই পর্যন্ত ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে ১,৬৯,০০০ জনকে, ২য় ডোজ টিকা দেওয়া হয়েছে ১,৩৬,০০০ জনকে এবং বোস্টার ডোজ টিকা দেওয়া হয়েছে ৬,৯৯৯ জনকে। গত মাসে এক দিনে ১৬,০০০ জনকে সফলভাবে টিকা দেওয়া কার্যক্রম সম্পন্ন হয়েছে। চলতি মাসের ২৮, ২৯ এবং ৩০ মার্চ ২০২২ তারিখে ০৩ দিনে দেশব্যাপী এক কোটি টিকা কার্যক্রমের প্রোগ্রাম এসেছে। গতবার যে সেন্টারে টিকা দেওয়া হয়েছিল পূণরায় সেই সেন্টারে টিকা কার্যক্রম পরিচালনা করা হবে। ২৮-৩-২০২২ তারিখে উথলী, আন্দুলবাড়ীয়া সীমান্ত এবং বাঁকা ইউনিয়নে করোনা টিকা দেওয়া হবে। ২৯-৩-২০২২ এবং ৩০-৩-২০২২ তারিখে হাসাদাহ, রায়পুর, মনোহরপুর ও কেডিকে ইউনিয়নে টিকা কার্যক্রম পরিচালনা করা হবে। বর্তমানে করোনা ভাইরাসের পরিস্থিতি এখন আমাদের নিয়ন্ত্রণে আছে। এখন পর্যন্ত জীবননগর স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাসের রুগী ভর্তি নাই। এই টিকা কার্যক্রমে উপজেলা পরিষদের সকলের সহযোগিতা কামনা করা হয়। | করোনা ভাইরাস (কোভিড-১৯) ভ্যাকসিনের সেবা প্রদান ও ভ্যাকসিন কার্যক্রম চলমান রাখায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয় এবং এই টিকা কার্যক্রমে সহযোগিতা করায় স্বাস্থ্য বিভাগ, পুলিশ বিভাগ এবং জন-প্রতিনিধিদের ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জীবননগর। | |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৭-১২-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন-<br>(ক) জীবননগর উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসে পরিবার পরিকল্পনা কার্যক্রমের বিবরণী নিম্নে উল্লেখ করা হলো ঃ<br>মোট সক্ষম দম্পত্তি - ৩৮৫২২<br>মোট গ্রহনকারীর সংখ্যা - ৩২০১৮<br>মোট গ্রহনকারীর শতকরা হার - ৮৩.১২%<br>পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতি ঃ<br>স্থায়ী পদ্ধতির লক্ষমাত্রা - ১৬, অর্জন - ২০ = ১২৫% | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | আইইউডি'র লক্ষমাত্রা - ১৮, অর্জন - ১৮ = ১০০%<br>ইমপ্লান্ট-এর লক্ষমাত্রা - ৪৩, অর্জন - ৮১ = ১৮৮%<br>(খ) পরিবার পরিকল্পনা বিভাগে কর্মরত মেডিকেল অফিসার (এম.সি.এইচ-এফ.পি) ডাঃ মোছাঃ মাহমুদা খাতুন চাকুরী থেকে অবসর গ্রহন করেছেন। অদ্যবধি তার স্থলে কোন মেডিকেল অফিসার যোগদান করেন নাই। দ্রুততার সময়ের মধ্যে একজন মেডিকেল অফিসার (এম.সি.এইচ-এফ.পি) পোষ্টিং হওয়া প্রয়োজন। অন্যথায় পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) মেডিকেল অফিসার (এম.সি. এইচ- এফ.পি) পোষ্টিং এর বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | | |
| ০৫ | উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা কৃষি অফিসার বলেন যে, গত ১০-১১-২০২১খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - সামনে আমের মৌসুম শুরু হবে। আমরা কৃষকদের পরামর্শ দিয়েছি। বৃষ্টির পরিমান কম হওয়ায় গুটি ঝরে যাচ্ছে। এজন্য আমরা কৃষকদের উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে পরামর্শ দিয়ে যাচ্ছি। তারা যেন ইউরিয়া স্প্রে করে। ১০ লিটার পানিতে ২০০ গ্রাম ইউরিয়া স্প্রে করা যায় তাহলে গুটি ঝরা বন্ধ হয়ে যাবে। কৃষি চাষাবাদের কাজে নিয়োজিত শ্রমিক সংকট রয়েছে। ধান লাগানোর সময় বা ধান কাটার সময় শ্রমিক পাওয়া যায় না। তারা ধান লাইনে লাগানোর সময় মজুরী বেশী দাবি করে। এজন্য আমাদের মাননীয় প্রধানমন্ত্রী ও কৃষি মন্ত্রী ৫০% ভর্তুকি দিয়ে বিভিন্ন যন্ত্রপাতি সরবরাহ করছে। যন্ত্রপাতিগুলির মধ্যে কম্বাইন হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইস সেলার, রিপার, পাওয়ার স্প্রেয়ার এবং ড্রায়ার আমাদের উপজেলাতে এসেছে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করে বলেন যে কোন কৃষক বা কোন সংগঠন যদি যন্ত্রপাতিগুলি নিতে আগ্রহী থাকে তাহলে তাঁদেরকে জানানোর জন্য বলা হয়। | কৃষি কাজে ব্যবহৃত আধুনিক যান্ত্রিকিকরনের মেশিন আগ্রহী কৃষকদের চাহিদা মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসারকে বিশেষভাবে অনুরোধ করা হয় এবং কৃষি যন্ত্রপাতি নিতে কৃষকদের আগ্রহী করতে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। | |
| ০৬ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ মৎস্য বিভাগীয় ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার বলেন যে, গত ০৮-১২-২০২১খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - প্রাণীসম্পদের উন্নয়ন ও আমিষের চাহিদা পূরণের জন্য প্রাণীসম্পদের যে প্রযুক্তি আছে প্রযুক্তি উন্নয়ন করার কারণে আমাদের প্রাণীসম্পদের উন্নয়ন হয়। তারই লক্ষ্যে আমরা খামারিদের বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে যাচ্ছি। আমরা পশু-পাখির খামারিদের চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছি এবং খামার পরিদর্শন করে যাচ্ছি। আমাদের টিকাদান কর্মসূচি কার্যক্রম বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন গ্রামে ক্যাম্পেইনের মাধ্যমে করা হচ্ছে এবং বাড়ি গিয়ে টিকাদান কর্মসূচি পরিচালনা করা হচ্ছে। গরু, ছাগল, হাঁস-মুরগির কৃমি নাশক বিতরণ কার্যক্রম চলমান আছে। ২০২০-২১খ্রিঃ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে "গ্রামীণ জনগোষ্ঠির আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ব্লাক বেঙ্গল ছাগল পালন বিষয়ক প্রশিক্ষণ" প্রদান সুষ্টু ও সুন্দরভাবে শেষ করেছি। | প্রশিক্ষণ কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে শেষ করা এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জীবননগর। | |
| ০৮ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে - ২০২১-২২খ্রিঃ অর্থবছরে বরাদ্দকৃত এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের বিপরীতে প্রকল্পগুলি দাখিল হয়। সেই প্রেক্ষিতে দরপত্র (এলটিএম, ইজিপি) এর মাধ্যমে প্রকল্পগুলির টেন্ডার হয়ে গিয়েছে। দ্রুত সময়ের মধ্যে ইজিপি-তে লটারী অনুষ্ঠিত হবে এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পগুলি প্রাক্কলনের কাজ শেষ হয়ে কাজ শুরু হয়েছে। | যেহেতু প্রকল্পগুলির টেন্ডার হয়ে গিয়েছে। সে মোতাবেক দ্রুত সময়ের মধ্যে ইজিপি-তে লটারী কার্যক্রম শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। | |
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে - ২০২০-২১খ্রিঃ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)-এর অর্থায়নে বরাদ্দকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সক্ষমতা উন্নয়ন প্রকল্পের ০৬টি উপ-প্রকল্প এবং ৪০,০০,০০০.০০ + ভ্যাট এবং আয়কর - ৮,৭৮,০৪৮.০০ = মোট - ৪৮,৭৮,০৪৮.০০ (আটচল্লিশ লক্ষ আটাত্তর হাজার আটচল্লিশ) টাকার বিপরীতে গৃহীত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের ০১টি উপ-প্রকল্প বাস্তবায়নে লক্ষ্যে PMU বরাবর পাঠানো হয়েছিল। গত ০৭-১১-২০২১খ্রিঃ | ২০২০-২১খ্রিঃ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)-এর অর্থায়নে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি দ্রুত শেষ করার জন্য বলা হয় এবং অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্পের সভাপতি, দপ্তরসমূহ এবং | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | তারিখে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প এবং ০৮-১১-২০২১খ্রিঃ তারিখে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর প্রকল্পগুলি বাস্তবায়নের সম্মতি প্রদান করেন। সে মোতাবেক সক্ষমতা উন্নয়ন প্রকল্পের ০৬ টি উপ-প্রকল্পের ট্রেনিং প্রোগ্রামের মধ্যে ০৫টি শেষ হয়েছে। বাকি ০১টি দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অনুরোধ করা হয় এবং ৪র্থ পর্যায়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ান্তে আগামী ৩০-৪-২০২২খ্রিঃ তারিখের মধ্যে PMU বরাবর চুড়ান্ত বিল প্রেরণের জন্য প্রকল্প কর্তৃকপক্ষের নির্দেশনা রয়েছে। যা দ্রুত বাস্তবায়ন করা জরুরী। | বাস্তবায়নে জন্য উপজেলা প্রকৌশলী-সহ সংশ্লিষ্ঠ দপ্তরসমূহ এবং সহযোগিতার জন্য ইউডিএফ-কে অনুরোধ করা হয়। | ইউডিএফ। | |
| ১০ | <u>উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, গত ১০-০১-২০২২খ্রিঃ তারিখে উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলায় ৯০০ বয়স্ক ভাতার বরাদ্দ এসেছে। ১৫ তারিখে অন-লাইন-এ আবেদনের শেষ ডেট ছিল। সার্ভারের সমস্যার কারণে আগামী ২২-৩-২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবগত করা হয়েছে। উপজেলায় ০৯টি ইউনিট আছে। প্রত্যেক ইউনিয়নে ১০০ করে মোট ৯০০ বয়স্ক ভাতা বরাদ্দ পাওয়া গিয়েছে। সারা বাংলাদেশে ২৬২টি উপজেলায় ভাতার আওয়ায় এসেছে। খুব শিগ্রই অত্র উপজেলায় সকল ভাতার আওতায় আসবে। এজন্য সকল ধরণের কার্যক্রম চালিয়ে যাচ্ছি। এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | ভাতা কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয় এবং সকল বিষয়ে সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। | |
| ১১ | <u>উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, গত ১০-০১-২০২২খ্রিঃ তারিখে উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে যথাযথ মর্যাদার সাথে সকল অনুষ্ঠান উদ্যাপন করতে হবে। এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের জন্য বরাদ্দকৃত ঘরের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
| --- | --- | --- | --- | --- |
| | বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস-এর যে নতুন করে তালিকা প্রেরণ করা হয়েছিল এটি অনুমোদন হয়ে এসেছে। দ্রুত সময়ের মধ্যে টেন্ডার কার্যক্রম শুরু হবে। | | | |
| ১২ | <u>উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১০-০১-২০২২খ্রিঃ তারিখে উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে সকল দিবসের অনুষ্ঠান পালন করা হয়। আগামী কাল ১৭ মার্চ-সহ ২৬মার্চের সকল অনুষ্ঠান ছাত্র-ছাত্রীদের নিয়ে পালন করা হবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে বিভিন্ন আর্ন্তজাতিক/ জাতীয় দিবস পালনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। | |
| ১৩ | <u>উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, গত ০৭-০২-২০২২খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলায় মোট করাত কলের সংখ্যা ২৬টি। করাত কলের লাইসেন্স আছে ১০টি। অবৈধ করাত কলের সংখ্যা ১৬টি। এখনও পর্যন্ত যারা লাইসেন্স বিহীন করাত কল চালিয়ে যাচ্ছে তাদের বিরুদ্ধে জরুরী ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | লাইসেন্স বিহীন করাত কল মালিকদের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর মহোদয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। | |
| ১৪ | <u>উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ২৯-১১-২০২১খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - ২০২২ শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক বই বিতরণ ১০০% শেষ হয়েছে। ৯ম শ্রেণীর ৭৫% বই পাওয়া গিয়েছে ৫০% বিতরণ করা হয়েছে বাকি ২৫% দ্রুত পাওয়া যাবে। ১৫-৩-২০২২খ্রিঃ তারিখ থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | পূর্ণাঙ্গ পাঠদান স্বশরীরে শুরু হয়েছে। আগামী এস.এস.সি, দাখিল এবং ভোকেশনাল পরীক্ষা ১৯ জুন ২০২২খ্রিঃ তারিখ থেকে শুরু হওয়ার সম্ভাব্য ডেট পাওয়া গিয়েছে। এইচ.এস.সি, বি.এম এবং আলিম পরীক্ষা আগস্ট ২০২২খ্রিঃ সালে হবে। কোন শিক্ষার্থীর যদি হঠাৎ দূর্ঘটনা কবলিত বা গুরুতর অসুস্থ্য হয় তাদের চিকিৎসা সহায়ত দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে সাহায্যের ব্যবস্থা আছে। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা যেতে পারে। | | | |
| ১৫ | <u>উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, গত ০৯-০১-২০২২খ্রিঃ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - গত ০২ মাস আগে প্রাথমিক শিক্ষার সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। গত কাল থেকে প্রাক-প্রাথমিক শ্রেণির পাঠদান স্বশরীরে শুরু হয়েছে। সীমিত ভাবে সপ্তাহে ০২ দিন রবিবার এবং মঙ্গলবার। আগামী ১৭ মার্চ ২০২২খ্রিঃ তারিখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। এই দুইটি দিবস উপজেলা প্রশাসনের সাথে সকল প্রাথমিক বিদ্যালয়সমূহ যথাযথ মর্যাদার সাথে পালন করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। | |
| ১৬ | <u>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ০৬-১০-২০২১খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - আমাদের দপ্তর থেকে পল্লী উন্নয়ন জাতীয় পদকের আবেদন চাওয়া হয়েছে। গত বছর সারা বাংলাদেশ থেকে ৬২ জনকে জাতীয় পদক দেওয়া হয়েছিল। এই পদকে ২২ ক্যারেটের ১০ গ্রাম ওজনের স্বর্ণ পদক দেওয়া হয়। নীতিমালা অনুযায়ী ২০২১ সালের জন্য পদক দেওয়া হবে। সেই আলোকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড-সহ সকল উপজেলার যে কোন প্রান্ত থেকে পল্লী উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য পদক দেওয়া হবে। এই পদকটি সরকার কর্তৃক দেওয়া হয় এবং | জীবননগর উপজেলায় যদি কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানে পল্লী উন্নয়নে কাজ করে বিশেষ অবদান রেখে থাকে তাহলে তাদের নামটি আমাদের কাছে দিবেন আমরা সেই নামটি জেলা পর্যায়ে প্রেরণ করবো এবিষয়ে সকল দপ্তরসহ জনপ্রতিনিধিদের সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
|---|---|---|---|---|
| | সরকারি কিছু উদ্দেশ্যর উপর এই পদক দেওয়া হয়। যেমন ঃ দারিদ্র বিমোচনের দৃষ্টান্তমূলক অবদান রাখা, পল্লী উন্নয়নের উদ্দ্যোগ, আত্মকর্মসংস্থান সৃষ্টি ও মানব উন্নয়নে উৎসাহিত করা, নারী উন্নয়ন ও নারী ক্ষমতায়ন নিশ্চিত করা, প্রতিটি পরিবারকে উন্নয়নের কেন্দ্র বিন্দুতে পরিণত করা, পল্লী আর্থসামাজিক উন্নয়নের প্রতি তরান্বিত করা এবং বিভিন্ন পুঁজি, পুঁজি গঠন সম্পদ সৃষ্টি এবং তার উৎসাহ সৃষ্টি করা। এই সকল কাজের উপর স্বীকৃতিস্বরুপ সরকার এই পদক দেওয়ার ঘোষনা করেছেন। সে আলোকে শুধুমাত্র নারী উন্নয়নে যথাযথ উদ্দ্যোগ গ্রহন করা। শুধুমাত্র নারী উদ্দ্যোগতাদের জন্য এই পদকের ব্যবস্থা রাখা আছে। জীবননগর উপজেলায় যদি কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানে পল্লী উন্নয়নে কাজ করে বিশেষ অবদান রাখছে যারা পদক পাওয়ার যোগ্য আগামী ২২-৩-২০২২খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হবে। যারা এই পদক পাওয়ার যোগ্য তাদের সার্ভিক চিত্র নিয়ে যেন উপস্থিত হতে পারি। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | | |
| ১৭ | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমাদের দাপ্তরিক কার্যক্রমের মধ্যে ঋন বিতরণ। সেক্ষেত্রে চলতি অর্থবছরে শেয়ারের লক্ষ্য মাত্রা ৫০,০০০/- টাকা, অগ্রগতি ১,৫৬,০০০/- টাকা, সঞ্চয়ের লক্ষ্যমাত্রা ২,৫১,০০০/- টাকা, সেক্ষেত্রে অগ্রগতি হয়েছে ৩,০৯,০০০/- টাকা, বিতরণের লক্ষ্য মাত্রার চেয়ে ১,১৮,৩১,০০০/- টাকা, সেক্ষেত্রে অগ্রগতি হয়েছে ১,১০,০০,০০০/- টাকা। খেলাফি ৫৫,০০,০০০/- টাকা, সেক্ষেত্রে অগ্রগতি হয়ে ২৬,৪৭.০০০/- টাকা খেলাফি আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর। | |
| ১৮ | উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমার সমিতির কার্যক্রম স্বাভাবিক পরিচালিত হচ্ছে। বিভিন্ন আয়বর্ধকমূলক উন্নয়নের পাশাপাশি কার্যক্রম করে যাচ্ছে। আমি নিয়মিত পরিদর্শন করছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার জীবননগর। | |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক-এর ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদনের বিবরণী নিম্নে উল্লেখ করা হলো ঃ<br>সমিটি গঠন ক্রমপুঞ্জিত ১৭০টি।<br>সঞ্চয় আদায় মাসে ১.৭৭, বছরে ১২.৭৫, ক্রমপুঞ্জিত ২৮৬.৫২।<br>ঋণ বিতরণ মাসে ৭৬.৫৬, বছরে ৬২৫.২২, ক্রমপঞ্জিত ২৯২৩.০৩।<br>ঋণ আদায় মাসে ৭৫.৪২, বছরে ৫৯৪.৪৭, ক্রমপঞ্জিত ২০০১.২০। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগরকে অনুরোধ করা হয়। | ব্যাংক, জীবননগর। | |
| ২০ | উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, গত ০৭-১২-২০২১খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - গত ০২ মাস থেকে আমাদের যে ওএমএস কার্যক্রম শুরু হয়েছে আটা, গম ও চাল সেগুলি চলমান আছে। খাদ্য বান্ধব কর্মসূচীর ১০ টাকা চালও চলমান আছে। আজ থেকে বিভিন্ন ইউনিয়নে বণ্ঠন করা হবে। এই খাদ্যগুলি সুষ্ঠুভাবে বিতরণ হচ্ছে কিনা তদারকির জন্য সকল ইউনিয়নের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সামনে রমজান মাস এজন্য ওএমএস মালামাল সুষ্ঠুভাবে বণ্ঠনের জন্য তদারকি করতে হবে এবং ডিলাররা ১০ টাকার চাল সুষ্টুভাবে বণ্ঠন করছে কিনা এবিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের তদারকির জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। | |
| ২১ | উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ১০-০১-২০২২খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। | |
| ২২ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১৫-৩-২০২২খ্রিঃ তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় -<br>(ক) "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাভোগী" কর্মসূচী প্রসঙ্গে ঃ চলতি ২০২১-২২ অর্থবছরে অত্র উপজেলার ৮টি ইউনিয়নে এখনও পর্যন্ত বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ সাপেক্ষে ভাতাভোগী নির্বাচন করা হবে। | (ক) বরাদ্দ সাপেক্ষে বিধি মোতাবেক ভাতাভোগী সঠিক ভাবে নির্বাচন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
| --- | --- | --- | --- | --- |
| | (খ) মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম ঃ জীবননগর কার্যালয়ের মাধ্যমে প্রতি তিন মাসে ৩০ জন করে বছরে ১২০ জন দুঃস্থ, অসহায় মহিলাদের (বৃত্তিমূলক) দর্জি ও এমব্রয়ডারী প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি ২০২১-২২ অর্থবছরে জানুয়ারী-২০২২ হতে মার্চ-২০২২ পর্যন্ত সময়ের প্রশিক্ষণ চলমান। অত্র দপ্তরে সেলাই মেশিন পর্যাপ্ত বা চাহিদা অনুযায়ী না থাকায় দর্জি (সেলাই) প্রশিক্ষণ কাজ যথাযথ ভাবে সম্পাদন করা সম্ভব হয় না। ০৩টি সেলাই মেশিন আছে তার মধ্যে ০২টি সেলাই মেশিন নষ্ট। ০১টি সেলাই মেশিন দিয়ে ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দেওয়া খুবই অসাধ্য হয়ে পড়েছে। উপজেলা পরিষদ হতে ০৫টি সেলাই মেশিনের ব্যবস্থা করা হলে দর্জি প্রশিক্ষণ কার্যক্রম ভালভাবে চলবে এবং প্রশিক্ষণ গ্রহনকারী মহিলারা দর্জির কাজ করে নিজেরা সাবলম্বি হতে পারবে। তাছাড়া ৩০ জন প্রশিক্ষণার্থী বসার ও সেলাই মেশিন রাখার জন্য পর্যাপ্ত জায়গা না থাকায় খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের জন্য সেলাই মেশিন প্রদানের বিষয়ে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। | |
| | (গ) উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক কর্মসূচী (আই.জি.এ) এর কার্যক্রম ঃ চলতি অর্থবছরে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক কর্মসূচী (আই.জি.এ) প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেড গত ২০ ডিসেম্বর-২০২১ হতে ১৪ মার্চ-২০২২ পর্যন্ত সময়ের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। উক্ত ট্রেডের ভর্তি কার্যক্রম প্রক্রিয়াধীন। | (গ) ভর্তি কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। | |
| ২৩ | <u>অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা হিসাব রক্ষণ অফিসার বলেন যে, গত ২৯-১১-২০২১খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - উপজেলার সকল দপ্তরের দপ্তর প্রধানদের অবগত করে বলেন এখন থেকে সকল বিল পিপিআর-২০০৮ অনুযায়ী করতে হবে। নিয়মের বাহিরে কোন বিল দেওয়া যাবে না। উপজেলার সকল দপ্তরের দপ্তর প্রধানদের বলেন যে সচ্ছতা জবাব দেওয়ার জন্য হিসাব রক্ষণ অফিস হতে যে সকল বিলগুলি দেওয়া হয় সে বিলগুলি প্রতি মাসের ০৫ | সকল বিল পিপিআর অনুযায়ী দিতে হবে। অগ্রিম কোন বিল দেওয়া যাবে না। এবিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং হিসাব রক্ষণ অফিস হতে যে সকল বিলগুলি দেওয়া হয় সে বিলগুলি প্রতি মাসের ০৫ তারিখে | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | তারিখে মধ্যে সমন্বয় করার জন্য বলা হয়। কিছু কিছু অফিস সমন্বয় করে বাকি অফিসগুলি করে না। এজন্য সকল বিল সমন্বয় করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়। | মধ্যে সমন্বয় করার জন্য সকল দপ্তরের দপ্তর প্রধানদের বিশেষভাবে অনুরোধ করা হয়। | | |
| ২৪ | <u>উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। | |
| ২৫ | <u>উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসের কার্যক্রম</u> ঃ উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসের প্রতিনিধি জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - উপজেলা সরকারী খাতে নগদ আদায়- ৯১,৩৬৬/- টাকা, মোট দলিল সংখ্যা- ৪০৮টি, পে-অর্ডার- ৯,৫৩,৪৯৮/- টাকা। নগদ তালাশ- ৭,৪১০/- টাকা, নকল- ২৬,৪৬৪/- টাকা, মোট- ৩৩,৮৭৪/- টাকা। উৎস কর- ২% - ১১,০৮,৯২০/- টাকা, স্থানীয় কর- ১% - ২৯,১৮,৭৯০/- টাকা, মোট- ৫১,০৬,৪৪৮/- টাকা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য উপজেলা সাব-রেজিস্ট্রারকে অনুরোধ করা হয়। | উপজেলা সাব-রেজিস্ট্রার, জীবননগর। | |
| ২৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে - আমাদের মাঠ পর্যায়ে ইজিপিপি কাজ চলমান আছে। আজ পর্যন্ত ইজিপিপি'র কাজ ৪০ দিনের মধ্যে ২০ দিন সম্পন্ন হয়েছে। এই ২০ দিনের মধ্যে ০৫ দিনের মজুরী দিতে সক্ষম হয়েছি। গতকাল থেকে মোবাইলে টাকা আসা শুরু হয়েছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবগত করে বলেন যে, আগামী ২১-৩-২০২২খ্রিঃ তারিখ থেকে যে সকল উপকারভোগীদের মোবাইলে টাকা যাবে না তারা যেন আমার সাথে যোগাযোগ করে।<br>কাবিখার ২য় পর্যায়ে এখনও বরাদ্দ আসেনি। টিআর ২য় পর্যায়ে বরাদ্দ এসেছে। সেক্ষেত্রে চলতি মাসের ২০ তারিখে জেলায় মিটিং আছে। সেখানে আমার তালিকা পাঠাতে পারবো। অনুমোদন হওয়ার পরবর্তিতে মাঠ পর্যায়ে কাজগুলি শুরু করতে পারবো। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয় এবং যদি কোন উপকারভোগী দের মোবাইলে টাকা না যায় তাহলে তাদেরকে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৭ | সহকারি জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীনদের জন্য ৩য় পর্যায়ে নির্মিত ঘরের বিনামুল্যে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে সরকার নির্দেশনা প্রদান করেছেন। সে প্রেক্ষিতে আমরা ব্যবস্থা গ্রহন করবো। | মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীনদের জন্য ৩য় পর্যায়ে নির্মিত ঘরের জন্য সরকারের নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ সংযোগ দিতে উদ্যোগ নিতে হবে। | জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, জীবননগর। | |
| ২৮ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - গত ফেব্রুয়ারী মাসে দূর্যোগ ব্যবস্থাপনায় ১৬ জনকে প্রশিক্ষণে পাঠানো হয়েছে। জীবননগর উপজেলার ০৮টি ইউনিয়ন এবং ০১টি পৌরসভায় করোনার টিকাদানের কাজে স্বেচ্ছাসেবক হিসাবে আসছার সদস্যকে পাঠানো হয়েছিল এবং তারা সঠিকভাবে দায়িত্ব পালন করেছেন। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২খ্রিঃ উদ্‌যাপন উপলক্ষ্যে আমাদের আনছার সদস্য নিয়ে জীবননগর থানা পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠানে উপস্থিত থাকবো এবং যথাযথ মর্যাদার সাথে পালন করবো। | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২খ্রিঃ উদ্‌যাপন উপলক্ষ্যে কুচকাওয়াজ অনুষ্ঠানে সুস্থ্য সবল আনছার সদস্যদের বাছাই করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, জীবননগর। | |
| ২৯ | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - সকলেই অবগত আছেন যে, জনশুমারী ও গৃহগণনা অনষ্ঠিত হতে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর সবুজ সংকেত দিয়েছেন যে, চলতি অর্থবছরের মধ্যেই জুন-২০২২ জনশুমারী ও গৃহগণনার কাজ সম্পন্ন করতে হবে। আপনারা জানেন ১০ বছর অন্তর অন্তর জনশুমারী ও গৃহগণনা অনুষ্ঠিত হয়ে থাকে। সর্বস্তরের জনগনের সার্বিক সহযোগিতা ছাড়া এই জনশুমারী ও গৃহগণনার কাজটি সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব নয়। তাই আপনাদের নিজ নিজ অবস্থান থেকে জনশুমারী সম্পন্ন করতে সার্বিক সহযোগিতা করবেন বলে আমরা আশাবাদ ব্যক্ত করছি। | সরকারী নির্দেশনা অনুযায়ী জনশুমারী ও গৃহগণনার কাজ ৩০ জুন ২০২২খ্রিঃ তারিখের মধ্যে সুষ্টুভাবে সম্পন্ন করতে হবে। উক্ত কাজে সহযোগিতার জন্য পরিষদের সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি, জীবননগর। | |
| ৩০ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ফেব্রুয়ারী মাসে ০৪টি অগ্নিকান্ড সংগঠিত হয়। অগ্নিকান্ডগুলি সফলভাবে কাজ করতে সক্ষম হয়েছি। এছাড়া চলতি মার্চ মাসে দ্রুত প্রস্তুতির জন্য ০৩টি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। হাসপাতাল, মাধ্যমিক বিদ্যালয়ে এবং ০১টি বাজারে প্রশিক্ষণ দিতে সক্ষম হয়েছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগরকে ধন্যবাদ দেওয়া হয়। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ৩১ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন - সামনে পবিত্র রমজান মার্স। এই রমজান মাসে আমাদের পবিত্রতা রক্ষা করতে হবে। রমজানের গুরুত্ব এবং তাৎপর্য সবাই মেনে চলবো। রমজান উপলক্ষ্যে বাজারের দ্রব্য মূল্য নিয়ন্ত্রণ রাখতে হবে।<br>ইসলামীক ফাউন্ডেশন ১৯৭৫ সালের ২২ মার্চ ইসলাম প্রচারের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রতিষ্ঠা করেছিলেন। আগামী ২২-৩-২০২২খ্রিঃ তারিখে ইসলামীক ফাউন্ডেশনের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন করা হবে। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। সারা বাংলাদেশে ইসলামীক ফাউন্ডেশনের মাধ্যমে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে কোরআন শিক্ষা দেওয়া হচ্ছে। এটা বঙ্গবন্ধু এবং তার কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী একার্যক্রম চালিয়ে যাচ্ছে। শিশুদের নৈতিক চরিত্র গঠনে প্রধানমন্ত্রী মসজিদগুলিতে সরকারী খরচে যে কাজ করে যাচ্ছে এটি একটি দৃষ্টান্ত স্থাপন করেছেন। উক্ত মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রগুলি তদারকির করার জন্য জনপ্রতিনিধিদের বিশেষভাবে অনুরোধ করা হয়। | মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রগুলির কার্যক্রম নিয়মিত চলছে কিনা এবিষয়ে তদারকি করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষভাবে অনুরোধ করা হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগরকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। | |
| ৩২ | উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জীবননগর উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল হইতে ৪৫ জন সদস্যের মাঝে ৬০,০০,০০০.০০ (ষাঁট লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে অনুরোধ করা হয়। | উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর। | |
| ৩৩ | উপজেলা তথ্যসেবা সহকারী বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আমরা ৫১টি উঠান বৈঠক করেছি। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী আমাদের উঠান বৈঠক যে ইউনিয়নে হবে সেই ইউনিয়নের চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট ওয়ার্ডের মেম্বার উপস্থিত থাকতে হবে। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | তথ্য সেবা কেন্দ্রের উঠান বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা সহকারী, জীবননগর। | |
| ৩৪ | <u>ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল</u> ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা | সহকারী প্রোগ্রামার, তথ্য ও | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
|---|---|---|---|---|
| | যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন - জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিতভাবে পরিদর্শন করে ল্যাবে ট্রেনিং এর প্রতিবেদন নেওয়া হচ্ছে। এমএমসি-তে রেজিস্ট্রেশনভুক্ত প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠান যাহাতে মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাশ পরিচালনার সাথে সাথে রিপোর্ট আপলোড করতে পারে সে বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত তথ্য আপডেট করতে হবে এবং এমএমসি-তে শতভাগ রিপোর্ট আপলোড করতে হবে। | যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। | |
| ৩৫ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>(ক) উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার রেজুলেশনে আলোচনার প্রেক্ষিতে যে সিদ্ধান্তগুলি দেওয়া হয় সে সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি করা প্রয়োজন। | (ক) মাসিক সাধারণ সভার রেজুলেশন মাসিক মিটিং এর ০৭ দিন পূর্বে প্রত্যেক বাস্তবায়নকারী সংস্থার বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং মাসিক সভায় বাস্তবায়নকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তের অগ্রগতি-সহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা দেয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। | |
| | (খ) উথলী গ্রামে একটি স্বাস্থ্য সেবা কেন্দ্র/হাসপাতাল নির্মাণের জন্য উক্ত গ্রামের ০৩ (তিন) জন সহৃদয় ব্যক্তি ৫০ (পঞ্চাশ) শতাংশ জমি দান করেছেন। এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা জরুরী। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত জমির নামজারী-সহ অন্যান্য কার্যক্রম গ্রহনের উদ্যোগ গ্রহন করবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। | |
| ৩৬ | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ দেওয়া হয়। | পরিষদ, জীবননগর। | |
| ৩৭ | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>(ক) সীমান্ত ইউনিয়নের বিভিন্ন গ্রামে রাস্তার ধারে যেসকল মানুষ পুকুর/গর্ত কেটেছিল তাদেরকে রাস্তাগুলি বেঁধে দেওয়ার জন্য চিঠি দেওয়া হয়েছিল। কিছু রাস্তা মাটি দিয়ে বেঁধে দিয়েছে। বাকি রাস্তাগুলি বেঁধে দিবে বলে আমাকে জানিয়েছেন। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (ক) রাস্তার পাশের জমির মালিকগণ রাস্তার পাশে পুকুর/গর্ত কেটে রাস্তাগুলি ভাঙ্গনের সৃষ্টি করছে তাদের নোটিশ করে সময় বেঁধে দেওয়ার ব্যবস্থা গ্রহনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয় এবং নোটিশ করার পরেও যদি রাস্তা বেঁধে না দেয় তাহলে তাদের বিরুদ্ধে চেয়ারম্যানদের সাথে নিয়ে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। | |
| | (খ) সীমান্ত ইউনিয়নের নারায়নপুর মোড় হতে বেণীপুর বাজার হয়ে ধান্যখোলা শেষ সীমানা পর্যন্ত এই রাস্তাটি দিয়ে কয়েকটি গ্রামের মানুষ যাতায়াত করে। রাস্তাটির প্রস্থ কম হওয়ার কারণে বড় ধরণের গাড়ি যাতায়াত করতে পারে না। রাস্তাটির প্রস্থ ১৮ ফিট-সহ মেরামতের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (খ) উক্ত রাস্তাটি সরোজমিনে পরিদর্শন করে দেখতে হবে রাস্তাটি ব্যাক্তির জমি না সরকারী রাস্তার জমি আছে। এবিষয়ে রেজুলেশন করে উপজেলা প্রকৌশলী, জীবননগর বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর ও চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর। | |
| ৩৮ | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>(ক) বাঁকা ইউনিয়নে ১০টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। কিন্তু কোন প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুযায়ী বেঞ্চ নেই। বেঞ্চ সংকট থাকায় ছাত্র-ছাত্রীদের বসার সমস্যার কারনে শিক্ষকদের ক্লাশ নিতে অসুবিধা হচ্ছে। যা বিদ্যালয়ের পরিবেশ বিঘ্ন ঘটছে। উক্ত বিদ্যালয়গুলিতে বেঞ্চের ব্যবস্থা করিতে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং | (ক) বেঞ্চ সরবরাহের বিষয়ে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
|---|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়।<br>(খ) বাঁকা ইউনিয়নের আলীপুর রাখালশাহ মাজার সংলগ্ন ও পাথিলা গ্রামে এই দুই জায়গাই কমিউনিটি ক্লিনিক নির্মাণের জন্য জমি রেজিস্ট্রি করে মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো আছে। কিন্তু এবিষয়ে এখনও পর্যন্ত কোন কিছু জানা যায়নি। | (খ) কমিউনিটি ক্লিনিক নির্মাণের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জীবননগর। | |
| ৩৯ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ দেওয়া হয়। | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর। | |
| ৪০ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রায়পুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন ৫-৬ বছর আগে নির্মাণ করা হয়েছিল। একটু বৃষ্টি হলেই ভবনের ছাদে পানি বেধে যায়। ছাদটি জল ছাদ করলে ভবনটি সংরক্ষণ করা সম্ভব হবে। | রায়পুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। | |
| ৪১ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন- ২০২১-২২খ্রিঃ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিলের বিপরীতে "মনোহরপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ড ধোপাখালী পশ্চিম পাড়ার সুলতান-এর জমির নিকট সোলিং হইতে অছেব কালার বাগান অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন" প্রকল্পটি পরিবর্তন করা প্রয়োজন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হইতে গৃহীত প্রকল্প অনুমোদন হয়েছে। বিধায় এখন পরিবর্তনের কোন সুযোগ নেই মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। | |
| ৪২ | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ দেওয়া হয়। | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর। | |
| ৪৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে - মাদকের বিরুদ্ধে আমরা সবাই সতর্ক থাকবো যাতে আমাদের পরিবারের কেউ মাদকের সাথে জড়িয়ে না পড়ে। আমাদের ছেলে-মেয়েরা কোথায় যাচ্ছে আমরা সে দিকে লক্ষ্য রাখবো। মাদক সমাজ ও জাতিকে ধ্বংসের | মাদক বিরোধী অভিযান অব্যহত রাখাতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার, ইনচার্জ, জীবননগর থানা। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | মুখে ঠেলে দেয়। মাদকমুক্ত সমাজ না গড়তে পারলে কোন জাতি উন্নত হয় না। সর্বনাশা নেশার চোরা স্রোতে তলিয়ে যেতে বসেছে আমাদের তরুণ সমাজ। এজন্য চিন্তিত হয়ে পড়েছেন অভিভাবকরা। মাদকাসক্তের সংখ্যা যাতে বৃদ্ধি না পায় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আমাদের ছেলে-মেয়েদের হাতে স্মার্ট ফোন দেবো না। পরিবারের পিতা-মাতার কারনে ছেলে-মেয়েরা ধ্বংসের দিকে চলে যাচ্ছে। | | | |
| ৪৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে -<br>(ক) উপজেলা পরিষদ (সংশোধিত)২০১১ এর ২৯(১) নং ধারার বিধান মতে জীবননগর উপজেলা পরিষদের নির্ধারিত ১৭টি বিষয়ে ১টি করে স্থায়ী কমিটি পুণর্গঠন করা হয়েছে। কিন্তু কমিটিগুলির সভা যথাযথভাবে অনুষ্ঠিত হয়না। উক্ত সভা অনুষ্ঠানের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের জোর তাগিদ আছে। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সদস্য-সচিবগণকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) উক্ত আলোচনান্তে ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সদস্য-সচিবগণকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট দপ্তরের সদস্য-সচিবগণ। | |
| | (খ) জীবননগর উপজেলায় একটি কর্মসংস্থান ব্যাংক আছে। সেই ব্যাংকে সরকার এক অর্থবছরে কোটি কোটি টাকা ঋণ দেয়। যাচাই করে দেখা গিয়েছে একই পরিবারে ০৬ জনকে ঋণ দেওয়া হয়েছে। সরকারকে বিপদে ফেলার জন্য তারা ৭৫% মানুষকে ঋণ বিতরণ করেছে। তারা এক লক্ষ টাকায় ৮%, ১০% ও সর্বোচ্চ ১৫% পর্যন্ত টাকা নিয়েছে। কর্মসংস্থান ব্যাংক যে ভাবে লোন পরিচালনা করার কথা তারা সেভাবে লোন কার্যক্রম পরিচালনা করে না। উক্ত বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (খ) কর্মসংস্থান ব্যাংক-কে বিধি মোতাবেক লোন কার্যক্রম পরিচালনা করতে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, কর্মসংস্থান ব্যাংক, জীবননগর। | |
| ৪৫ | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত</u> ঃ<br>(ক) ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
|---|---|---|---|---|
| | সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br><br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র। | নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (০২) ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯১৫.০০ (সাইত্রিশ হাজার নয়শত পনের) টাকা মাত্র। | (০২) উক্ত উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | (০৩) ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৭৫.০০ (চার হাজার নয়শত পঁচাত্তর) টাকা মাত্র। | (০৩) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (০৪) ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৪০০.০০ (চার হাজার চারশত) টাকা মাত্র। | (০৪) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (০৫) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৩,২০০.০০ (তের হাজার দুইশত) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৩,২০০.০০ (তের হাজার দুইশত) টাকা মাত্র। | (০৫) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (০৬) জীবননগর উপজেলা পরিষদে মাসিক বেতনের ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে ফেব্রুয়ারী-২০২২খ্রিঃ মাসের মজুরী বাবদ - ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা মাত্র। | (০৬) উক্ত পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
| --- | --- | --- | --- | --- |
| | | ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর "বর্জ্য ব্যবস্থাপনা/ পরিষ্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ বর্ণাঢ্য ও জাঁকজমকভাবে উদ্‌যাপনের জন্য সরকার কর্তৃক যে বরাদ্দ প্রদান করা হয়েছে তা পর্যাপ্ত নয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৮-০৩-২০২২খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২. ১৪৬ নং স্মারকের নির্দেশনা মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ ২০২২) বর্ণাঢ্য ও জাঁকজমকভাবে উদ্‌যাপনের জন্য ২০২১-২২খ্রিঃ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করেন। উক্ত বিষয়ে সভাকে অবহিত করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ ২০২২) বর্ণাঢ্য ও জাঁকজমকভাবে উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন মোঃ বদর উদ্দীন, পিতা- মৃত তাহাজ্জেল মন্ডল, সাং- জীবননগর বসুতিপাড়া, ওয়ার্ড নং-০৮, জীবননগর পৌরসভা, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গা। তার গত ০৫-৩-২০২২খ্রিঃ তারিখে আনুমানিক রাত- ০৩.০০ ঘটিকার সময় হাসপাতাল রোড অংকন ডায়াগনস্টিক সেন্টারের দক্ষিণ পাশে অবস্থিত তার কাঠের দোকানে আগুন লেগে সম্পূর্ণ কাঠ পুড়ে ছাই হয়ে যায়। যার আনুমানিক মূল্য ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকা মাত্র। তার সম্পূর্ণ ব্যবসায়ীক পুঁজি হারিয়ে মহাবিপদের সম্মুখীন হয়েছেন। এ অবস্থায় সে পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছে। সে গত ১৪-৩-২০২২খ্রিঃ তারিখে আর্থিক সাহায্যের জন্য আবেদন করেন। উক্ত বিষয়ে | (গ) উক্ত আলোচনান্তে পরিষদের সকল সদস্যের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঘ) অনুচ্ছেদ এর "অপ্রত্যাশিত" খাত হইতে মোঃ বদর উদ্দীন, পিতা- মৃত তাহাজ্জেল মন্ডল, সাং- জীবননগর | | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে তাকে আর্থিক সাহায্য প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করেন। | বসুতিপাড়া, ওয়ার্ড নং- ০৮, জীবননগর পৌরসভা, উপজেলা-জীবননগর, জেলা-চুয়াডাঙ্গাকে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | (ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের এইচপি লেজার জেট প্রিন্টারের ট্রোনার এর কালি শেষ হওয়ায় জরুরী ভিত্তিতে নতুন ০১টি ট্রোনার, ০১টি A4TECH মাউস, ০১টি এন্টিভাইরাস ডিক্স, ০১টি কুলিং ফ্যান ও ব্রাদার প্রিন্টারের ব্লাক কালী ক্রয় করা হয়েছে। উক্ত ক্রয়কৃত মালামালের মূল্য- ৫,৮০০.০০ (পাঁচ হাজার আটশত) টাকা মাত্র। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ক্রয়কৃত মালামালের টাকা পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঘ) উক্ত মালামাল ক্রয় বাবদ ৫,৮০০.০০ (পাঁচ হাজার আটশত) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(চ) অনুচ্ছেদ এর "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ৪৬ | মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জীবননগর উপজেলা একটি সীমান্তবর্তী এলাকা। এই এলাকায় মাদকসেবীদের আনাগোনা প্রায়ই দেখা যায়। এজন্য মাদকের বিরুদ্ধে আমাদের সবাইকে সচেতন থাকতে হবে। মাদক নির্মুল করতে হলে সর্বপ্রথম জনপ্রতিনিধি/সুশীল সমাজকে এগিয়ে আসতে হবে। প্রত্যেক ইউনিয়নে মাদকবিরোধী প্রচার-প্রচারণা করতে হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা সচেতন থাকলে মাদক নির্মুল করা সম্ভব হবে। মাদক মুক্ত করার লক্ষ্যে পুলিশ সবসময় সোচ্চার থাকবে এবং মাদক বিরোধী অভিযান নিয়মিত চলমান থাকবে। মাদক সমাজ ও জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। মাদকমুক্ত সমাজ না গড়তে পারলে কোন জাতি উন্নত হয় না। সর্বনাশা নেশার চোরা স্রোতে তলিয়ে যেতে বসেছে আমাদের তরুণ সমাজ। এজন্য চিন্তিত হয়ে পড়েছেন অভিভাবকরা। মাদকাসক্তের সংখ্যা যাতে বৃদ্ধি না পায় সেদিকে আমাদের লক্ষ্য | মাদক বিরোধী জন-সচেতনতা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার, ইনচার্জ, জীবননগর থানা ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়নের |
|---|---|---|---|---|
| | রাখতে হবে। মাদক পাচার এবং মাদকাসক্তের হার কমানোর জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে সরকার। মাদকের বিরূপ প্রভাব সম্পর্কে সবার মধ্যে সচেতনতা থাকতে হবে। মাদকের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি ও মাদকের ভয়াল থাবা থেকে যুবসমাজকে দুরে রাখতে হবে। তরুন সমাজসহ পরিবারের অভিভাবকবৃন্দেরও সচেতন হতে হবে। তাহলে মাদক নির্মুল করা সম্ভব হবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | | |
| ৪৭ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন - জীবননগর উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমে উপজেলা পরিষদের বিভিন্ন আলোচনা সভা-সহ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কিন্তু কনফারেন্স রুমটি আধুনিকিকরণ না হওয়ায় আলোচনা সভা চালিয়ে যেতে বিঘ্ন ঘটছে। সরকার সকল সরকারি অফিসে কাজের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে আধুনিকায়নের জন্য উৎসাহিত করে থাকে। সুন্দর পরিবেশে কোয়ালিটি সম্পন্ন কাজ পাওয়া সম্ভব। এমতাবস্থায় উপজেলা প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমের গুরুত্ব বিবেচনা করে আধুনিকায়ন করা প্রয়োজন। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের কনফারেন্স রুম আধুনিকায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং কনফারেন্স রুম আধুনিকায়ন করার প্রেক্ষিতে দ্রুত প্রাক্কলন প্রস্তুত পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। | |
| ৪৮ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন - জীবননগর উপজেলায় নতুন কিছু হাট সৃষ্টি হয়েছে এবং সেখানে ক্রয়-বিক্রয় কার্যক্রম চলছে। হাটগুলি যথাক্রমে (০১) মুক্তারপুর সাপ্তাহিক হাট (০২) বাঁকা সাপ্তাহিক হাট (০৩) বাঁকা ব্রিক ফিল্ড ফুলের হাট (০৪) করিমপুর সাপ্তাহিক হাট এবং (০৫) উথলী কলার হাট। এই নতুন ০৫টি হাটের মধ্যে ইতোমধ্যে করিমপুর হাটটি ইজারা প্রদান করা হয়েছে। বাকি ০৪টি হাট ইজারা প্রদান করা হলে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য উথলী হাটটি ইজারা হওয়ার পর সেখানে নতুনভাবে কলার হাট স্থাপন করা হয়েছে। উথলী কলার হাটটি ইজারা হলে উপজেলা রাজস্ব আয় বৃদ্ধি পাবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন। | উক্ত হাটগুলি আগামী ১৪২৯ বঙ্গাব্দ সালের পূর্বে ইজারা কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভায় সর্বসম্মতিক্রমে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। | |

| | |
|---|---|
| ৪৯ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, টিসিবি'র পক্ষ থেকে রমজান উপলক্ষ্যে পণ্যের মূল্য স্থিতিশীল রাখার জন্য সরকার উদ্যোগ গ্রহন করেছে। সে উদ্যোগের পক্ষ থেকে জীবননগর উপজেলার ১২,৫২১ জন কার্ডধারিকে টিসিবি'র আওতায় স্বল্প মূল্যে ফ্যামিলি কার্ডের মাধ্যমে পণ্য সরবরাহ করা হবে। আমরা ইতোপূর্বে সকল ইউনিয়ন থেকে তালিকা নিয়েছিলাম। সে তালিকাগুলি আমরা পাঠিয়েছি। আজ আমরা ফ্যামিলি কার্ডগুলি পেয়ে যাব। সেই ফ্যামিলি কার্ডের টিসিবি'র জীবননগর উপজেলায় যে নির্ধারিত ০৩ জন ডিলার আছে সেই ০৩ জনের মাধ্যমে আমাদের ০৯টি ইউনিটে দুইবার করে খাদ্য সামগ্রী দেওয়া হবে। ইউনিয়ন পর্যায়ে টিসিবি'র ডিলারগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে যাবেন। কার্ড ধারীরা কার্ড নিয়ে আসবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার ও গ্রাম পুলিশদের সমন্বয়ে যারা কার্ডধারী তাদের সেবা দিয়ে যাবেন। পৌরসভায় ০৩টি স্থান নির্ধারণ করা হয়েছে। ইতোপূর্বে যে ০৩টি স্থানে দেওয়া হতো সেখান থেকে দেওয়া হবে। যেসকল চেয়ারম্যান ও জনপ্রতিনিধিরা যাদের তালিকা আমাদের কাছে পাঠিয়েছিলেন তাদেরকে বলে দিবেন আমরা আজকে কার্ড পেয়ে যাবো। কার্ডগুলি সংগ্রহ করে নিয়ে আগামী ২০-৩-২০২২খ্রিঃ তারিখ থেকে খাদ্য সামগ্রী দেওয়ার নির্দেশনা আছে। যার যেদিন থেকে দেওয়ার তারিখ পড়বে সে তারিখে তারা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে খাদ্য সামগ্রী সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। জীবননগর উপজেলায় মোট কার্ডধারী ১২,৫২১ জন, এর ভিতর থেকে গত বছর করোনার সময় ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা করে আর্থিক সহায়ত যাদেরকে দেওয়া হয়েছিল তাদের সংখ্যা ৫,৯৩৯ টি, ইউনিয়নের জন্য দেওয়া হয়েছিল ৪,৭৪৮ টি সকল জনপ্রতিনিধি মিলে সংখ্যাটি দিয়েছিলেন। পৌরসভার জন্য ১,৮৩৪ টি পৌর কর্তৃপক্ষ দিয়েছিলেন। সর্বমোট ১২,৫২১ টি। স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সদস্য-সচিবগণকে বিশেষভাবে অনুরোধ করা হয়। মার্চ মাস চলছে এই মাসের গুরুত্বপূর্ণ ০৩টি দিন ১৭ মার্চ, ২৫ মার্চ ও ২৬ মার্চ আমরা যথাযথ মর্যাদার সাথে পালন করবো। সেজন্য উপজেলা প্রশাসন জীবননগরের পক্ষ থেকে ব্যপক কর্মসূচী কেন্দ্রীয় সরকারের সাথে মিলরেখে পালন করা হবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে আগামী কাল সকাল ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে কেক কাটা ও আলোচনা সভা করা হবে। এই সাথে সরকার মুক্তির মেলা বলে একটি মেলা আয়োজন করতে বলেছেন ১৭-২৩ মার্চ পর্যন্ত মেলাটি উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হবে। সকল দপ্তরকে তাদের একটি করে স্টল দেওয়া হয়েছে। ১৯৭১ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত সরকারের যে উন্নয়ন হয়েছে সে উন্নয়নগুলি উপস্থাপন করতে হবে এবং জীবননগর উপজেলার যে উন্নয়ন হয়েছে সেগুলি উপস্থাপন করতে হবে। আপনারা সকলে জানেন মুজিববর্ষে ৩য় পর্যায়ের ঘরের কাজ চলমান আছে। আমরা ৩য় ধাপে ৫৫টি ঘরের অনুমোদন পেয়েছি। ৩০টি ঘরের কাজ চলমান রয়েছে। তার মধ্যে ২০টি ঘরের লিন্টেল ঢালাই পর্যন্ত হয়ে গিয়েছে। ০৩টি ঘরের টিন লাগানোর পর্যায়ে চলে এসেছে। আগামী সপ্তাহের মধ্যে টিনের কাজ শুরু হয়ে যাবে। ৩০টি ঘর শেষ করার পর বাকি ২৫টি ঘরের কাজ শুরু করা হবে। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার রেজুলেশনে আলোচনার প্রেক্ষিতে যে সিদ্ধান্তগুলি দেওয়া হয় সে সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি করতে হবে। রেজুলেশন মাসিক মিটিং এর ০৭ দিন পূর্বে প্রত্যেক বাস্তবায়নকারী সংস্থার বরাবর প্রেরণ করতে হবে। |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির-সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। জীবননগর উপজেলার যেসকল রাস্তাগুলি এখনও পর্যন্ত আইডি ভূক্ত করা হয়নি সেসকল রাস্তাগুলি দ্রুত আইডি ভূক্ত করার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। কেউ যাতে রাস্তার উপর দিয়ে লোহার চাকাযুক্ত পাওয়ার টিলার না চালায় এবং রাস্তার উপরে যাতে লাল শাক দিতে না পারে সেবিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। জীবননগর উপজেলার যেসকল রাস্তার পাশের জমির মালিকগণ রাস্তার পাশে পুকুর/গর্ত কেটে রাস্তাগুলি ভাঙ্গনের সৃষ্টি করছে তাদের নোটিশ করে সময় বেঁধে দেওয়ার ব্যবস্থা গ্রহনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। মার্চ মাস চলছে এই মাসের গুরুত্বপূর্ণ ০৩টি দিন ১৭ মার্চ, ২৫ মার্চ ও ২৬ মার্চ উপলক্ষে পরিষদের সকল দপ্তরের দপ্তর প্রধানসহ কর্মচারীরা উপস্থিত থেকে যথাযথ পর্যাদার সাথে পালন করার জন্য অনুরোধ করা হয়। কর্মসংস্থান ব্যাংক থেকে বেকার যুবকদের জামানত বিহীন লোন দেওয়ার কথা কিন্তু তারা সেভাবে লোন দেয় না। তাদের ইচ্ছামত ব্যাংক পরিচালনা করেন। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৩/2022

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০২-৪৭৭৭৮৯৯৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২২-৩৭৭(৫০) তারিখ ঃ ২১-৩-২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। উপজেলা ................................................ অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১০। চেয়ারম্যান ........................................... ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১১। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। জনাব ............................................................ জীবননগর, চুয়াডাঙ্গা।

(মোঃ আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০২-৪৭৭৭৮৯৭০১
unojibannagar@mopa.gov.bd